

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৩৬

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৫. কোন ব্যক্তির রাতে ঘুমের মধ্যে স্বপ্নদোষ হলে

باب فِي الرَّجُلِ يَجِدُ الْبِلَّةَ فِي مَنَامِهِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ خَالِدِ الْخَيَّاطُ، حَدَّثَنَا عَبْدُ اللهِ الْعُمَرِيُّ، عَنْ عُبَيْدِ اللهِ، عَنِ الْقَاسِمِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ سُئِلَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم عَنِ الرَّجُلِ يَجِدُ الْبَلَلَ وَلَا يَذْكُنُ احْتِلَامًا قَالَ " يَغْتَسِلُ " . وَعَنِ الرَّجُلِ يَرَى أَنَّهُ قَدِ احْتَلَمَ وَلَا يَجِدُ الْبَلَلَ وَلَا يَذْكُنُ احْتِلَامًا قَالَ " يَغْتَسِلُ " . وَعَنِ الرَّجُلِ يَرَى أَنَّهُ قَدِ احْتَلَمَ وَلَا يَجِدُ الْبَلَلَ قَالَ " لَا غُسْلُ قَالَ " نَعَمْ الْبَلَلَ قَالَ " لَا غُسْلُ قَالَ " نَعَمْ إِلْمَوْأَةُ تَرَى ذَلِكَ أَعَلَيْهَا غُسْلُ قَالَ " نَعَمْ إِنَّمَا النِّسَاءُ شَقَائِقُ الرِّجَالِ " .

_ حسن : ألا قوله أم سليم : (المرأة ترى...) إلخ

বাংলা

২৩৬। 'আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে এমন ব্যক্তি সম্পর্কে জিজ্ঞাসা করা হল, যে ঘুম থেকে জেগে (বীর্যপাতে দরুণ কাপড়) ভিজা দেখতে পায় অথচ স্বপ্পদোষের কথা তার স্মরণ হচ্ছে না। তিনি বললেন, তাকে গোসল করতে হবে। এটাও জিজ্ঞাসা করা হল যে, এক ব্যক্তির তার স্বপ্পদোষ হয়েছে বলে মনে পড়ছে, অথচ কাপড়ে কোন ভিজা দেখতে পেল না। রাস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাকে গোসল করতে হবে না। উম্মু সুলাইম (রাঃ) বললেন, হে আল্লাহর রসূল! নারীরাও (পুরুষের) অনুরূপ কিছু দেখতে পেলে তাদেরও কি গোসল করতে হবে? তিনি বললেনঃ হ্যাঁ, নারীরা তো পুরুষের মতই।[1]

হাসান : তবে উম্মু সুলাইম (রাঃ)-এর এ কথাটি বাদেঃ 'নারীরাও (পুরুষের) অনুরূপ কিছু দেখতে পেলে...।'

English

Narrated Aisha, Ummul Mu'minin:



The Prophet () was asked about a person who found moisture (on his body or clothes) but did not remember the sexual dream. He replied: He should take a bath. He was asked about a person who remembered that he had a sexual dream but did not find moisture. He replied: Bath is not necessary for him. Umm Salamah then asked: Is washing necessary for a woman if she sees that (in her dream)? He replied: Yes. Woman are counterpart of men.

ফুটনোট

[1] তিরমিয়া (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ কেউ জাগ্রত হয়ে কাপড় ভিজা পেলাে কিন্তু স্বপ্ন দােষের কথা স্মরণ হচ্ছে না, হাঃ ১১৩), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ কারাে স্বপ্ন দােষের কথা মনে হচ্ছে কিন্তু কাপড় ভিজা দেখলাে না হাঃ ৬১২), আহমাদ (৬/২৫৬), দারিমাি (অধ্যায়ঃ পবিত্রতা, কেউ কাপড় ভিজা দেখলাে কিন্তু স্বপ্ন দােষের কথা স্মরণ করতে পারলাে না, এরূপ অবস্থায় করণায় কি? হাঃ ৭৫৬), সকলেই 'আব্দুল্লাহ ইবনু 'উমার আল-উমারাী সূত্রে। সনদের 'আব্দুল্লাহ ইবনু উমার আল-উমারাীকে হাফিয আত্-তাকরাব গ্রন্থে দুর্বল বলেছেন। কিন্তু 'আব্দুল্লাহ ইবনু 'উমার এ হাদীস বর্ণনায় একক হয়ে যাননি। বরং মূল ঘটনা সহীহ হাদীসে এসেছে। যা সামনে আয়িশাহ সূত্রের হাদীসে আসছে। অনুরূপ সহীহাইনে বর্ণিত উন্মু সালামাহর হাদীসে। অতএব হাদীসটি হাসান স্তরে উন্নিত হয়ে যাচ্ছে এর মুতাবিআত ও শাওয়াহিদ বর্ণনার কারণে। আল্লাহই অধিক জ্ঞাত।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন